

রেজিস্টার্ড নং ডি এ-১

বাংলাদেশ



গেজেট

অতিরিক্ত সংখ্যা  
কর্তৃপক্ষ কর্তৃক প্রকাশিত

রবিবার, নভেম্বর ১৭, ২০২৪

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার  
স্থানীয় সরকার, পল্লী উন্নয়ন ও সমবায় মন্ত্রণালয়  
স্থানীয় সরকার বিভাগ

#### প্রজ্ঞাপন

তারিখ: ২৮ কার্তিক ১৪৩১ বঙ্গাব্দ/১৩ নভেম্বর ২০২৪ খ্রিষ্টাব্দ।

এস, আর, ও নং ৩৮৭-আইন/২০২৪।—জেলা পরিষদ আইন, ২০০০ (২০০০ সনের ১৯ নং আইন) এর ধারা ৭৩ এ প্রদত্ত ক্ষমতাবলে সরকার, গণপ্রজাতন্ত্রী বাংলাদেশের সংবিধানের ১৪০(২) অনুচ্ছেদের বিধান মোতাবেক বাংলাদেশ সরকারী কর্ম কমিশনের সহিত পরামর্শক্রমে, স্থানীয় সরকার (জেলা পরিষদ) কর্মকর্তা ও কর্মচারী চাকুরী বিধিমালা, ১৯৯০ এর নিম্নরূপ অধিকতর সংশোধন করিল, যথা :—

উপরি-উক্ত বিধিমালার তফসিল এর—

(ক) কলাম ১ এ ক্রমিক নং ১ এবং তদ্বিপরীতে কলাম ২, ৩, ৪, ও ৫ এ উল্লিখিত এন্টিসমূহের পরিবর্তে নিম্নরূপ ক্রমিক নং ১ ও তদ্বিপরীতে উল্লিখিত এন্টিসমূহ প্রতিস্থাপিত হইবে, যথা :—

“১। প্রধান নির্বাহী কর্মকর্তা - প্রেষণে সরকারের উপসচিব পদমর্যাদার কর্মকর্তাদের মধ্য হইতে।”;

(খ) কলাম ১ এ ক্রমিক নং ১ এবং তদ্বিপরীতে কলাম ২, ৩, ৪ ও ৫ এ উল্লিখিত এন্টিসমূহের পর নিম্নরূপ নৃতন ক্রমিক নং ১ক এবং তদ্বিপরীতে উল্লিখিত এন্টিসমূহ সংযোজিত হইবে, যথা :—

“১ক। নির্বাহী কর্মকর্তা - প্রেষণে সিনিয়র সহকারী সচিব পদমর্যাদার কর্মকর্তাদের মধ্য হইতে।”;

( ২৮৩১৩ )

মূল্য : টাকা ৪.০০

(গ) কলাম ১ এ ক্রমিক নং ২ এবং তদ্বিপরীতে কলাম ২, ৩, ৪, ও ৫ এ উল্লিখিত এন্ট্রিসমূহের পরিবর্তে নিম্নরূপ ক্রমিক নং ২ এবং তদ্বিপরীতে উল্লিখিত এন্ট্রিসমূহ প্রতিস্থাপিত হইবে, যথা :—

“২। সহকারী প্রকৌশলী ৩০ ২০% পদোন্নতির পদোন্নতির ক্ষেত্রে:  
বৎসর মাধ্যমে, তবে উপ-সহকারী প্রকৌশলী পদে  
পদোন্নতিযোগ্য অন্যন ৮ (আট) বৎসরের  
প্রার্থী পাওয়া না চাকরি।

গেলে প্রেমণে;  
এবং  
৮০% সরাসরি

সরাসরি নিয়োগের ক্ষেত্রে:  
কোনো স্বীকৃত বিশ্ববিদ্যালয়  
হইতে সিভিল বা পানিসম্পদ  
কৌশল বিষয়ে অন্যন  
দ্বিতীয় শ্রেণি বা সমমানের  
সিজিপিএসহ ৪ (চার)  
বৎসর মেয়াদি স্নাতক  
(সম্মান) বা সমমানের  
ডিপ্লি।

প্রেমণে নিয়োগের ক্ষেত্রে:  
সমযোগ্যতাসম্পন্ন সরকারী  
কর্মচারীদের মধ্য হইতে।”;

(ঘ) কলাম ১ এ ক্রমিক নং ৪ এবং তদ্বিপরীতে কলাম ২, ৩, ৪, ও ৫ এ উল্লিখিত এন্ট্রিসমূহের পরিবর্তে নিম্নরূপ ক্রমিক নং ৪ এবং তদ্বিপরীতে উল্লিখিত এন্ট্রিসমূহ প্রতিস্থাপিত হইবে, যথা :—

“৪। উপ-সহকারী ৩০ ১০% পদোন্নতির পদোন্নতির ক্ষেত্রে:  
প্রকৌশলী বৎসর মাধ্যমে, তবে সার্ভেয়ার পদে অন্যন ১২  
পদোন্নতিযোগ্য (বারো) বৎসরের চাকরি।

প্রার্থী পাওয়া না  
গেলে প্রেমণে;  
এবং  
৯০% সরাসরি

সরাসরি নিয়োগের ক্ষেত্রে:  
কোনো স্বীকৃত ইনসিটিউট  
বা শিক্ষা প্রতিষ্ঠান হইতে  
সিভিল ইঞ্জিনিয়ারিং বা  
সিভিল ডিপ্লি বা কনস্ট্রাকশন  
বা এনভায়রনমেন্ট বিষয়ে  
অন্যন ৪ (চার) বৎসর  
মেয়াদি ডিপ্লোমা।

প্রেমণে নিয়োগের ক্ষেত্রে:

সমযোগ্যতাসম্পন্ন সরকারী  
কর্মচারীগণের মধ্য হইতে।”;  
এবং

- (৬) কলাম ১ এ ক্রমিক নং ১৮ এবং তদ্বিপরীতে কলাম ২, ৩, ৪, ও ৫ এ উল্লিখিত  
এন্ট্রিসমূহের পরিবর্তে নিম্নরূপ ক্রমিক নং ১৮ এবং তদ্বিপরীতে উল্লিখিত এন্ট্রিসমূহ  
প্রতিস্থাপিত হইবে, যথা :—

“১৮। অফিস সহায়ক	৩০	সরাসরি	কোনো স্থায়ী বোর্ড হইতে অন্যুন দ্বিতীয় বিভাগ বা সমমানের জিপিএসহ মাধ্যমিক স্কুল সার্টিফিকেট বা সমমানের পরীক্ষায় উত্তীর্ণ।”।
বৎসর			

রাষ্ট্রপতির আদেশক্রমে

**মোঃ নজরুল ইসলাম**  
সচিব  
বুটিন দায়িত্ব।